দৈনিক বাংলা 003

তারিখ ... 12 MAY 1985 ...
পৃষ্ঠা ... 1 কলাম ... 5 ...

# ৪৬৩ জন নয়া সহকারী উপজেলা শিক্ষা অফিসার

সম্প্রতি সারা দেশে ৪৬৩ জন সহকারী উপজেলা শিক্ষা অফিসার নিয়োগ করা হয়েছে। এদের মধ্যে ৭৫% প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক এবং ২৫% বহিরাগত প্রার্থীদেরদ্বারা পূরণ করা হয়েছে। মনোনীত প্রার্থীদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা স্নাতক ডিগ্রী এবং শিক্ষায় ডিগ্রী ও ডিপ্লোমা। সারা দেশে ৬১৭টি সহকারী উপজেলা শিক্ষা অফিসারের পদ শূন্য ছিল। বর্তমান নিয়োগের ফলে প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনায় যে অসুবিধা ও শূন্যতা বিরাজমান ছিল তা অনেকাংশে দূর হবে। তাছাড়া ইতিপূর্বে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে প্রধান শিক্ষক ব্যতীত কোন পদোন্নতি অথবা শিক্ষা প্রশাসনে কোন কর্মকর্তার পদ লাভের সুযোগ ছিল না। বর্তমান ব্যবস্থার ফলে যোগ্যতাসম্পন্ন প্রাথমিক শিক্ষক ও প্রধান শিক্ষকদের পদোন্নতির

শেষ পৃঃ ১-এর কঃ দঃ

## শিক্ষা অফিসার

(১-এর পৃঃ পর)

সুযোগ সৃষ্টি হয়েছে।

সহকারী উপজেলা শিক্ষা অফিসারের শূন্য পদ পূরণের জন্য ২ হাজার ৪ শত ৭৫টি আবেদনপত্র পাওয়া যায়। তন্মধ্যে বিভাগীয় নির্বাচনী কমিটি কর্তৃক লিখিত ও মৌখিক পরীক্ষায় ৬৭০ জন প্রার্থী উত্তীর্ণ হয়। তাদের মধ্যে থেকে মেধা, জেলা, মুক্তিযোদ্ধা ও মহিলাদের জন্য সংরক্ষিত কোটার ভিত্তিতে ৪৬৩ জনকে চূড়ান্তভাবে মনোনীত করা হয়। এদের মধ্যে ৪০৯ জন প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক এবং ৫৪ জন বহিরাগত। খবর তথ্য বিবরণীর।